গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৪২, এম, এম, আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম
ওয়েবসাইট ঃ www.cbcctg.gov.bd ও ইমেইল : cbcctg@yahoo.com
ফোন ঃ ০৩১-২৮৬৩২৫৩

নথি নং- এস৪-০৬/বন্ড(সাঃ)/লাইঃ/৯৮/(অংশ-৩)/ ৮৭১৫ তারিখ- ২৭ /১১/২০২৬খ্রি.

বিষয় ঃ প্রাপ্যতার অতিরিক্ত কাঁচামাল আমদানিকালে দাখিলকৃত ব্যাংক গ্যারান্টি অবমুক্তির লক্ষ্যে এ দপ্তরের প্রত্যয়ন পত্র ইস্যুকরণ।

সূত্র ঃ (১) এ দপ্তরের পত্র নং- এস৪-০৬/বন্ড(সাঃ)/লাইঃ/৯৮/(অংশ-৩)/৮৩৮৮, তাং-১৮/০২/২০২৬খ্রি.
(২) মেসার্স ডিএএফ প্যাকেজিং ইন্ডাস্ট্রি লিমিটেড এর গত ১৯/১০/২০২৬খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। মেসার্স ডিএএফ প্যাকেজিং ইন্ডাস্ট্রি লিমিটেড, ১৩৫/১৪২, নাসিরবাদ শিল্প এলাকা, চট্টগ্রাম {বন্ড লাইসেন্স নং- এস ৪-০৬/বন্ড(সাঃ)/লাই/৯৮, তাং-২৮/০৪/১৯৯৮খ্রি., মূসক নিবন্ধন নং-০০০২৮৫৮৬৫-০৫০৪, তাং-১৪/১০/২০১৯খ্রি.} নামীয় প্রতিষ্ঠানটির আবেদনের প্রেক্ষিতে মাধ্যমে আমদানিকৃত কাঁচামালের প্রাপ্যতা না থাকায় আমদানি চালান ব্যাংক গ্যারান্টির বিপরীতে বন্ড সুবিধার আওতায় খালাসের লক্ষ্যে সূত্রীয় ১নং পত্রের মাধ্যমে এ দপ্তরের অনাপত্তি জ্ঞাপন করা হয়। সূত্রীয় ২নং পত্রের মাধ্যমে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ নিম্নোক্ত পণ্যচালানসমূহ খালাসকালে কাস্টমস হাউস, চট্টগ্রামে দাখিলকৃত ব্যাংক গ্যারান্টি অবমুক্তির লক্ষ্যে প্রত্যয়নপত্র ইস্যুর জন্য আবেদন দাখিল করেছেন ঃ-

Sl No	Import LC No & Date	Invoice No & Date	BL No & Date	Name of Raw Materials	Quantity			Bank Guarantee No & Date/ Bank Name
					In Entitlement (MT)	In Bank Guarantee Qty. (MT)	Total Import (MT)	
1	0000147225010431 DATE:07.12.2025	2000297861 DATE: 15.01.2025	SELA87699002 DATE:19.01.2026	DUPLEX BOARD	65.321	21.8382	86.004	001LG072026004 DATE: 18.02.2026 EASTERN BANK PLC. AGRABAD BRANCH, CHATTOGRAM.

০৩। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উক্ত চালানের মাধ্যমে আমদানিকৃত কাঁচামাল দ্বারা উৎপাদিত পণ্য রপ্তানি হয়েছে মর্মে উল্লেখ করে দাখিলকৃত ব্যাংক গ্যারান্টি অবমুক্তির লক্ষ্যে কাস্টমস হাউস, চট্টগ্রাম বরাবরে এ দপ্তরের অনাপত্তি সংক্রান্ত প্রত্যয়নপত্র ইস্যুর জন্য আবেদন করেছেন। প্রতিষ্ঠান কর্তৃপক্ষের আবেদন বিবেচনায় নিয়ে দাখিলকৃত দলিলাদি (ইউপি কপি, রপ্তানি সংক্রান্ত দলিলাদি, রপ্তানিমূল্য প্রত্যাবাসন সংক্রান্ত পিআরসির কপি) যাচাই-বাছাই করে দেখা যায়, ব্যাংক গ্যারান্টির বিপরীতে খালাসকৃত সমুদয় কাঁচামাল দিয়ে পণ্য তৈরী/উৎপাদন করে সমুদয় পণ্যের রপ্তানি কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং রপ্তানিমূল্য প্রত্যাবাসিত হয়েছে।

০৪। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে নিষেধাজ্ঞা না থাকলে ব্যাংক গ্যারান্টিসমূহ অবমুক্তির ক্ষেত্রে এ দপ্তরের অনাপত্তি জ্ঞাপন করা হলো। ব্যাংক গ্যারান্টির মূল কপি সংশ্লিষ্ট ব্যাংকে ফেরত প্রদান করা হলে এ দপ্তরকে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো।

(মোঃ আমিরুল ইসলাম)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমস (বন্ড) এর পক্ষে

০/৫

প্রাপক ঃ কমিশনার অব কাস্টমস
কাস্টমস হাউস,
চট্টগ্রাম।

নথি নং- এস৪-০৬/বন্ড(সাঃ)/লাইঃ/৯৮/(অংশ-৩)/ ৮৭১৫ তারিখ- ২৭ /১১/২০২৬খ্রি.

অনুলিপি অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য ঃ

০১। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ডিএএফ প্যাকেজিং ইন্ডাস্ট্রি লিমিটেড, ১৩৫/১৪২, নাসিরবাদ শিল্প এলাকা, চট্টগ্রাম (ব্যাংক গ্যারান্টি ফেরত গ্রহণের পর এ দপ্তরকে অবহিত করার জন্য বলা হলো)।

০২। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আমিরুল ইসলাম)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস

০/৫